উপজেলা পরিষদ
জগন্নাথপুর, সুনামগঞ্জ।

মে, ২০১৫ মাসের উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী

সভার তারিখ ঃ ০৭ মে, ২০১৫ খ্রি.
সময় ঃ দুপুর ১২.৩০ ঘটিকা
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভাপতি ঃ মোঃ আকমল হোসেন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যের তালিকা পরিশিষ্ট "ক"

সভার শুরুতে সভাপতি উপস্থিত সম্মানীত সদস্যগণকে স্বাগত জানান। অতপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১		২	৩	৪
১	বিগত সভার কার্য বিবরণী অনুমোদন ও দৃঢ়ীকরণ।	প্রথমেই বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং এতে কোন প্রকার সংশোধনীর প্রস্তাব পাওয়া যায়নি। ফলে কার্যবিবরণী অনুমোদন ও দৃঢ়ীকরণ করার প্রস্তাব করা হয়।	বিস্তারিত আলোচনান্তে কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়।	উপজেলা পরিষদ জগন্নাথপুর, সুনামগঞ্জ।
	বিভিন্ন কমিটির সুপারিশ-মালা উপস্থাপন/ পর্যালোচনা	ক) পরিবেশ ও বন সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী ঃ- জনাব মোছাঃ হাজেরা বারী, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান জলবায়ু পরিবর্তনে করণীয় শীর্ষক উন্নয়ন পরিকল্পনা বিষয়ক কর্মশালা আয়োজনের জন্য উপজেলা গভর্ন্যান্স প্রকল্প থেকে ৩০৭১০/= (ত্রিশ হাজার সাতশত দশ) টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। তিনি আগামী ১১-০৬-২০১৫ খ্রি. জলবায়ু পরিবর্তনে করনীয় শীর্ষক উন্নয়ন পরিকল্পনা বিষয়ক কর্মশালা আয়োজনের জন্য সভায় প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। তিনি জলবায়ু পরিবর্তনে করনীয় শীর্ষক উন্নয়ন পরিকল্পনা বিষয়ক কর্মশালা আয়োজনের জন্য নিম্নোক্তভাবে একটি সিডিউল প্রস্তাব করেন:- ০১। ১ম সেশন, MDG জগন্নাথপুরের পঞ্চবার্ষিক পরিকল্পনা, (UNO) ০২। ২য় সেশন, উপজেলার জলবায়ু পরিবর্তনের চিত্র, (উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা) ০৩। ৩য় সেশন, জলবায়ু পরিবর্তনে করনীয় (চেয়ারম্যান) ০৪। ৪র্থ সেশন, উন্মুক্ত আলোচনা ও প্রস্তাব (মহিলা ভাইস চেয়ারম্যান) ০৫। ৫ম সেশন সুপারিশ উপস্থাপন (UNO) বিস্তারিত আলোচনান্তে প্রস্তাবিত তারিখ ও সিডিউল অনুযায়ী জলবায়ু পরিবর্তনে করনীয় শীর্ষক উন্নয়ন পরিকল্পনা বিষয়ক কর্মশালা আয়োজনের জন্য সভাকে অনুরোধ জানান।	বিস্তারিত আলোচনান্তে উপজেলা গভর্ন্যান্স প্রকল্প থেকে প্রাপ্ত বরাদ্দের আলোকে প্রস্তাবিত সিডিউল অনুযায়ী আগামী ১১-০৬-২০১৫ খ্রি. জলবায়ু পরিবর্তনে করনীয় শীর্ষক উন্নয়ন পরিকল্পনা বিষয়ক কর্মশালা আয়োজনের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিষদ জগন্নাথপুর সুনামগঞ্জ।
৩	আর্থিক বিবরণী উপস্থাপন	চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান উপজেলা পরিষদ জীপ গাড়ির মোরামত বাবদ মোট ৪,৮৩০/= (চার হাজার আটশত ত্রিশ) টাকা ব্যয় হয়েছে। ব্যয়িত বিল উপজেলা পরিষদ রাজস্ব বাজেটের যানবাহন মেরামত ও জ্বালানী খাত হতে প্রদানের জন্য সভায় প্রস্তাব করেন। এছাড়া তিনি পৌরকর বাবদ ১০৮০০০/= (এক লক্ষ আটহাজার) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের প্রস্তাব করেন। উপজেলা নির্বাহী অফিসার জানান ২৬ মার্চ/২০১৫ খ্রি. মহান স্বাধীনতা দিবস উপলক্ষ্যে অতিরিক্ত	বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ জীপ গাড়ির মোরামত বাবদ মোট ৪,৮৩০/= (চার হাজার আটশত ত্রিশ) টাকা ও পৌরকর বাবদ ১০৮০০০/= (এক লক্ষ আটহাজার) টাকা এবং ২৬ মার্চ/২০১৫ খ্রি, উপলক্ষ্যে অতিরিক্ত ব্যয়িত ২৫,০০০/= (পঁচিশ	উপজেলা পরিষদ জগন্নাথপুর সুনামগঞ্জ।

		২৫,০০০/= টাকা ব্যয় হয়েছে। তিনি ব্যয়িত বিল উপজেলা রাজস্ব বাজেটের জাতীয় দিবস উদ্‌যাপন খাত হতে প্রদানের প্রস্তাব করেন।	হাজার) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	
০৪	বিবিধ	ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শরিক প্রকল্প হতে প্রাপ্ত অর্থ নিম্নরুপভাবে ব্যয় করার বিষয়ে প্রস্তাব করেনঃ- ক) দরিদ্র ও মেধাবী ছাত্র/ছাত্রীদের মধ্যে শিক্ষা উপকরণ বিতরণ ও বৃত্তি প্রদান (রৌয়াইল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে স্কুল ব্যাগ সরবরাহ)ঃ- ২,৩৫,০০০/= টাকা। খ) বাজেট বোর্ড স্থাপন ২৫০০০/= গ) সিটিজেন চার্টার বোর্ড স্থাপন ২৫০০০/= টাকা। ঘ) উন্মুক্ত বাজেট সভা ১০০০০/= টাকা। ঙ) সংশোধনী বাজেট উন্মুক্ত সভার মাধ্যমে উপস্থাপন এবং চুড়ান্তকরণ ৫০০০/= টাকা।	বিস্তারিত আলোচনান্তে প্রস্তাবিত খাত সমূহ অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া রৌয়াইল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে স্কুল ব্যাগ সরবরাহের নিমিত্তে উপজেলা শিক্ষা অফিসারকে আহবায়ক করে ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। কমিটি নিম্নরুপ- ১) উপজেলা শিক্ষা অফিসার, আহবায়ক ২। উপজেলা প্রকৌশলী, সদস্য ৩। উপজেলা সমাজসেবা অফিসার, সদস্য ৪) উপজেলা সমবায় অফিসার, সদস্য ৫) উপজেলা মহিলা বিষয়ক অফিসার, সদস্য।	
		খ) উপজেলা প্রকৌশলী সভায় জানান হরিনাকান্দি- গোপালগঞ্জ রাস্তায় মেঘারকান্দী বাজারের পশ্চিমপার্শে ১ ×২.৫০ মিটার বক্স কালভার্ট স্থাপনের জন্য টেন্ডার আহবান করে কার্যাদেশ দেয়া হয়েছে। কিন্তু বাস্তব অবস্থার প্রেক্ষিতে প্রাক্কলনটি সামান্য পরিবর্তনের প্রয়োজন। সেই মোতাবেক বরাদ্দ ঠিক রেখে ১× ২.০০×৩.০০ মিটার বক্স কালভার্টের সংশোধিত প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। এছাড়া তিনি জানান ২০১৪-২০১৫ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির বিভিন্ন উন্নয়ন প্রকল্পের কাজ খুব শীঘ্রই আরম্ভ হয়ে যাবে।	বিস্তারিত আলোচনান্তে সংশোধিত প্রাক্কলনটি অনুমোদন এবং সেই মোতাবেক কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া ২০১৪-২০১৫ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির প্রকল্পগুলোর কাজ দ্রুত আরম্ভ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী জগন্নাথপুর, সুনামগঞ্জ।
		গ) উপজেলা কৃষি কর্মকর্তা জানান আজ সকাল ১০.০০ ঘটিকার সময় যে প্রলয়ংকারী ঘূর্নিঝর ও শীলাবৃষ্টি হয়েছে তাহাতে প্রায় ৫০০ হেক্টর জমি ক্ষতিগ্রস্থ হয়েছে। তিনি জানান মাঠ পর্যায়ের উপ সহকারী কৃষি কর্মকর্তা ও লোকদের পাঠানো তথ্যের মাধ্যমে জানতে পেরেছি যে প্রায় ৫০% ধান ঝড়ে গেছে। তিনি ক্ষতিগ্রস্থ কৃষকদের আর্থিকভাবে সহযোগিতা করার জন্য উপজেলা পরিষদকে অনুরোধ জানান। তিনি আরও জানান বর্তমানে উপজেলা কৃষি অফিস থেকে ৩০% ডিসকাউন্টের মাধ্যমে পাওয়ার টিলার নেয়া যাবে। এছাড়া তিনি দ্রুত সময়ের মধ্যে ও কম শ্রমিক খাটিয়ে ধান কাটার জন্য উন্নতমানের ধান কাটার ও মারাই মেশিন ক্রয় করার জন্য উপজেলা পরিষদকে অনুরোধ জানান।	বিস্তারিত আলোচনান্তে সম্প্রতি ঘুর্নিঝর ও শীলাবৃষ্টিতে ক্ষতিগ্রস্থ কৃষকদের ক্ষয় ক্ষতি কাটিয়ে উঠার জন্য আর্থিক ভাবে সহযোগিতা ও ধান কাটার উন্নত মানের মেশিন ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা জগন্নাথপুর, সুনামগঞ্জ।
		ঘ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান খাবিকা ১ম পর্যায় শেষ হয়েছে ২য় পর্যায় আরম্ভ করেছি। তিনি জানান পাটলী ও গড়গড়িকান্দিসহ মোট ০৬ টি ব্রীজের কাজ প্রায় শেষ পর্যায়ে। এছাড়া তিনি প্রাকৃতিক দুর্যোগের ফলে কোন ব্যাক্তি নিহত কিংবা আহত হলে তাৎক্ষনিকভাবে উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসকে অভহিত করার অনুরোধ জানান। তিনি জানান ক্ষতিগ্রস্থ পরিবারকে আর্থিক ভাবে সহযোগিতা করা হবে।	বিস্তারিত আলোচনান্তে বিভাগীয় কার্যক্রম আরও জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ পরিবারকে আর্থিকভাবে সহযোগিতার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা। জগন্নাথপুর, সুনামগঞ্জ।

অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
(মোঃ আকমল হোসেন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।

স্মারক নং- সুনাম/উজেপ/জপুর/সভা/২০১৪-২০১৫/ ১৭১ (৪০) তারিখ ঃ- ০৭/০৫/২০১৫ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য।

১. মাননীয় সংসদ সদস্য-২২৬,সুনামগঞ্জ-৩ ও প্রতিমন্ত্রী, অর্থ মন্ত্রণালয় এবং পরিকল্পনা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, স্থানীয় সরকার, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।

অনুলিপিঃ অবগতি ও কার্যার্থে।

৫. জনাব..,উপজেলা পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৬. মেয়র, জগন্নাথপুর পৌরসভা, সুনামগঞ্জ।
৭. উপজেলা..,কর্মকর্তা(সংশ্লিষ্ট সকল) জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৮. চেয়ারম্যান,...ইউ/পি(সংশ্লিষ্ট সকল) জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৯. জনাব.. ।
১০. অফিস কপি

(মোহাম্মদ হুমায়ুন কবির)
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
জগন্নাথপুর, সুনামগঞ্জ।